

## আটজন একুশে

### পদকে ভূষিত

প্রশাসনীয় অবদানের স্বীকৃতি স্বরূপ সরকার আটজন বিশিষ্ট সাহিত্যিক, শিক্ষাবিদ, সঙ্গীতজ্ঞ ও চিত্রশিল্পীকে একুশে পদক ১৯৮৫ পুরস্কারে ভূষিত করেছেন।

পুরস্কার প্রাপ্ত ব্যক্তিরা হচ্ছেন : জনাব আবু জাফর ওবায়দুল্লাহ খান (সাহিত্য), গাজী (শেষ পঃ ৫-এর কঃ দঃ)

### পদকে ভূষিত

(১ম পঃ পর)

শামসুর রহমান (সাহিত্য), ডঃ গোবিন্দ চন্দ্র দেব (শিক্ষা) মরণোত্তর, ডঃ আবদুল্লাহ আল মতিন শরফুদ্দিন (শিক্ষা), জনাব মোঃ আবদুল জব্বার (শিক্ষা), জনাব কালিম শরাফী (সঙ্গীত), ওস্তাদ আবেদ হোসেন খান (সঙ্গীত) ও সৈয়দ জাহাঙ্গীর (চিত্রশিল্প)।

এদের প্রত্যেককে এককালীন দশ হাজার টাকা এবং ১৮ ক্যারেটের তিন ভরি ওজনের একটি স্বর্ণ পদক দেয়া হবে। খবর তথা বিবরণীর।

বাংলা একাডেমী

সাহিত্য পুরস্কার

আমাদের বিশ্ববিদ্যালয় রিপোর্টার জনাব : ১৯৮৪ সালের বাংলা একাডেমী সাহিত্য পুরস্কারপ্রাপ্তদের নাম বন্ধবার ঘোষণা করা হয়েছে। এবার পুরস্কার পেয়েছেন—কবিতায় জনাব বেলাল চৌধুরী, উপন্যাসে জনাব রশীদ হুসাইন এবং কব্ধ গবেষণায় যথ্যভাবে জনাব মহাম্মদ হাবিবুর রহমান ও প্রফেসর রফিকুল ইসলাম।

এ বছর ছোট গল্প, নাটক, শিশু সাহিত্য ও অন্যান্যদের ক্ষেত্রে পুরস্কার দেয়া হয়নি বলে বাংলা একাডেমীর এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।